# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য অথবা চন্দ্র গ্রহণের সময় যখন সালাত আদায় করার ইচছা করবে,তখন সাদাকাহ করার সাথে সাথে বেশি বেশি মহান আল্লাহর তাকবীর বলা মুস্তাহাব

ذِكْرُ مَا يُستحب لِلْمَرْءِ أَنْ يُكْثِرُ مِنَ التَّكْبِيرِ لِلَّهِ جَلَّ وَعَلَا مَعَ الصَّدَقَةِ إِذَا أَرَادَ الصَّلَاةَ لِكُسُوفِ الشَّمْسِ أَوِ الْقَمَرِ

আরবী

2834 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ الطَّائِيُّ بِمَنْبِجَ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: خَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالنَّاسِ فَقَامَ وَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ ثُمَّ قَامَ فَأَطَالَ الْقِيَامَ - وَهُوَ دُونَ الْقِيَامِ الْأَوْلِ - ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ - وَهُوَ دُونَ الرُّكُوعِ الْأَوْلِ - ثُمَّ رَفَعَ فَسَجَدَ ثُمَّ فَعَلَ فِي الرَّكْعَةِ الْأُخْرَى مِثْلَ مَا فَعَلَ فِي الْأُولَى ثُمَّ انْصَرَفَ وَقَدِ انْجَلَتِ الشمس فخطب الناس فحمد الله وأثنئ عَلَيْهِ ثُمَّ قَالَ: (إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ لَا يَخْسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ فَادْعُوا اللَّهَ وَكَبِّرُوا وَتَصَدَّقُوا وَقَالَ: يَا أُمَّةَ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهِ مَا مِنْ أَحَدٍ أغير من الله أن يزني عبده أو تَزْنِي أُمَّتُهُ يَا أُمَّةَ مُحَمَّدٍ وَاللَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2734 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1077)، ((جزء الكسوف))، ((الإرواء)) (658): ق.

বাংলা

২৮৩৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে একবার সূর্য গ্রহণ হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে সালাত আদায় করেন। তিনি দাঁড়ান এবং দীর্ঘক্ষন কিয়াম করেন। তারপর তিনি দীর্ঘ রুকূ‘ করেন। তারপর তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করেন এবং দীর্ঘ কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি দীর্ঘ রুকূ‘ করেন, তবে সেটা প্রথম রুকূ‘ অপেক্ষা কম। তারপর তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করেন অতঃপর সাজদা করেন। তারপর তিনি প্রথম রাকা‘আতে যেমন করেন, অনুরুপ দ্বিতীয় রাকা‘আতেও করেন। তারপর তিনি সালাম ফেরান, তখন ইতোমধ্যে সূর্য প্রকাশিত হয়ে গেছে।

অতঃপর তিনি সাহাবীদের উদ্দেশ্যে ভাষন দেন। তিনি আল্লাহর প্রশংসা ও গুণ-কীর্তন করেন। অতঃপর বলেন, “নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। এগুলি কারো বেঁচে থাকা অথবা কারো মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। বরং কাজেই যখন এরকম দেখবে, তখন তোমরা আল্লাহর কাছে দু‘আ করবে, তাকবীর দিবে এবং সাদাকাহ করবে।”

তিনি আরো বলেন, “হে মুহাম্মদের উম্মাত, আল্লাহর কসম, আল্লাহর চেয়ে অধিক আত্নমর্যাদার অধিকারী আর কেউ নেই, তাঁর কোন বান্দা বা বান্দী ব্যভিচার করুক।

হে মুহাম্মদের উম্মাত, আল্লাহর কসম, আমি যা জানি তা যদি তোমরা জানতে, তবে অল্প হাসতে আর বেশি কাঁদতে।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৮৬; সহীহুল বুখারী: ১০৪৪; সহীহ মুসলিম: ৯০১; নাসাঈ: ৩/১৩২-১৩৩; আবূ দাঊদ: ১১৯১; দারেমী: ১/৩৬০; বাগাবী: ১১৪২; মুসনাদ আহমাদ: ৬/১৬৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন